গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
স্থানীয় সরকার শাখা
www.barisaldiv.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.৯৯.০০৪.২১.

তারিখ: চৈত্র ১৪২৭ / এপ্রিল ২০২১

আন্তঃজেলা পরিষদ ফেরীঘাট/খেয়াঘাটসমূহের সীলমোহরকৃত দরপত্র বিজ্ঞপ্তি

বরিশাল বিভাগাধীন আন্তঃজেলা পরিষদ নিম্নবর্ণিত ফেরীঘাট/খেয়াঘাটসমূহের ২০২১-২০২২ অর্থবছরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২) নং স্মারকের হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার সকল শর্ত মোতাবেক ইজারা প্রদানের উদ্দেশ্যে সকল আগ্রহী ব্যক্তির নিকট থেকে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম পর্যায় শুধুমাত্র **"জন্মগত পেশাদার পাটনীদের"** নিকট থেকে এবং ২য় পর্যায় হতে পেশাদার পাটনীসহ সর্বসাধারণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে সীলমোহরকৃত দরপত্র নির্দেশক্রমে আহবান করা যাচ্ছে।

ক্রম	আন্তঃজেলা পরিষদ ফেরীঘাট/খেয়াঘাট, জেলা পরিষদ ও জেলার নাম	২০২১-২০২২ অর্থবছরে ইজারার জন্য সম্ভাব্য মূল্য	দরপত্রের মূল্য
০১	বড়গাবুয়া জেলা পরিষদ, পটুয়াখালী-বরগুনা	১৩,৪৮,১০৫/-	১,০০০/-
০২	বড়াইয়া-নেয়ামতি জেলা পরিষদ, বরিশাল ও ঝালকাঠি	৭,১৬,৬৫০/-	৭০০/-
০৩	সেখেরহাট-মৈশানী জেলা পরিষদ, পিরোজপুর ও ঝালকাঠি	২,৩৫,৪০৬/-	৭০০/-

দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচী

আহ্বানের পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলা, ইজারা কমিটির সভার তারিখ ও সময়
১ম	২২-০৪-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	২৫-০৪-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৫-০৪-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা
২য়	০৬-০৫-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	০৯-০৫-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৯-০৫-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা
৩য়	২০-০৫-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	২৩-০৫-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৩-০৫-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা
৪র্থ	০৩-০৬-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	০৬-০৬-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৬-০৬-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা
৫ম	১৭-০৬-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	২০-০৬-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২০-০৬-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা
৬ষ্ঠ	২৭-০৬-২০২১ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত	২৮-০৬-২০২১ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৮-০৬-২০২১ তারিখ দুপুর ০২:০০ টা

" শর্তাবলী "

০১। উপরোল্লিখিত ফেরীঘাট/খেয়াঘাট ২০২১-২০২২ অর্থবছরের (১লা জুলাই, ২০২১ হতে ৩০ শে জুন, ২০২২ পর্যন্ত) মেয়াদে ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র ফরম দরপত্র বিক্রির নির্দিষ্ট তারিখের অফিস চলাকালীন সময় পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এবং জেলা পরিষদ, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা ও ঝালকাঠি কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ১/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ৫০০/- টাকা, ১,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ৭০০/- টাকা, ১০,০০,০০১/- টাকা হতে ২০,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ১,০০০/- টাকা এবং ২০,০০,০০০/- টাকার তদুর্দ্ধ ইজারা মূল্যের ফেরীঘাটের দরপত্র ফরম ১,৫০০/- টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

০৩। দরপত্র বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফেলা যাবে। একই দিনে বেলা ০২:০০ ঘটিকায় উল্লিখিত অফিসে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের (এমআইসিআর চেকের) মাধ্যমে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল, জনতা ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, বরিশাল এর চলতি হিসাব নং ০০১০-৬২৬৬৭ অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

০৫। দরপত্র ফরম-এর সাথে সাম্প্রতিক তোলা ০১ (এক) কপি রঙ্গিন ছবি ও জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে। দরপত্র ফরম-এ কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

০৬। বর্ণিত আন্তঃজেলা পরিষদ ফেরীঘাট/খেয়াঘাটের এবং দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার প্রয়োজন হলে যে কোন কার্যদিবসে ০২নং অনুচ্ছেদে বর্ণিত বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা পরিষদ কার্যালয় হতে জানতে পারবে।

০৭। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২) নং স্মারকে ইস্যুকৃত হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার শর্ত মোতাবেক দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র (হালনাগাদ) এবং জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে।

০৮। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই ফেরীঘাট/খেয়াঘাটের সমুদয় ইজারা মূল্য একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মূল্যের উপর ৫% আয়কর ১-১১৪১-০০৭৫-০১১১ খাতে এবং ১৫% ভ্যাট ১-১১৩৩-০০০১-০৩১১ খাতে (ইজারা মূল্যের অতিরিক্ত) যে কোন সোনালী ব্যাংক লিঃ এর জেলা শাখায় (অনলাইনে চালান ভেরিফিকেশন এর সুবিধার্থে) চালানের মাধ্যমে জমা প্রদান করে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল কার্যালয়ে চালানের মূল কপি জমা প্রদান করতে হবে।

১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়কর ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর ফেরীঘাট/খেয়াঘাটের দখল ইজারা কমিটির আহ্বায়ক এর পক্ষে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট প্রধান নির্বাহী কর্মকর্তা কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১১। প্রতিটি ঘাটের উভয় পাড়ে জনসাধারণসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল রেট (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত) ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন এবং অতিরিক্ত টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবেন।

১২। ইজারাদার কোনক্রমে ইজারাপ্রাপ্ত ফেরীঘাট/খেয়াঘাট অন্যের নিকট পুনঃইজারা বা সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১৩। ফেরীঘাট/খেয়াঘাট এর যাত্রীদের চলাচলের জন্য নিজ ব্যয়ে উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা স্থাপনা ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষন করবেন। তিনি নিজ ব্যয়ে ঘাট এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। ফেরীঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও দরপত্রদাতাকে মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। দখলনামা যে দিনই সম্পাদিত হোক না কেন ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের দিন হতে দখল হস্তান্তরিত হয়েছে মর্মে পরিগণিত হবে। তবে ইজারামূল্য অনুমোদনের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ০৮ নং ক্রমিক অনুযায়ী সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

১৭। ফেরীঘাট/খেয়াঘাটের দখল যে দিনই প্রদান/গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ ২০২১-২০২২ অর্থবছর (১লা জুলাই, ২০২১ হতে ৩০ শে জুন, ২০২২ তারিখ) মর্মে গণ্য হবে। প্রতিটি ফেরীঘাট/খেয়াঘাটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

১৮। উপরোক্ত ০৪, ০৫ ও ০৭ নং ক্রমিকের তথ্যসমূহ যথাযথভাবে পালন করে দরপত্র দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-
(নুসরাত জাহান খান)
উপপরিচালক (অ.দা.)
ফোন : ০৪৩১-৬২৮৯৪
e-mail: dlgdiv.barisal@gmail.com

নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.৯৯.০০৪.২১.২১৮

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭ / ০৬ এপ্রিল ২০২১

বিতরণ:

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল ও আহ্বায়ক, আন্তঃজেলা পরিষদ ফেরীঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল ও সদস্য সচিব, আন্তঃজেলা পরিষদ ফেরীঘাট/খেয়াঘাট ইজারা কমিটি।

অনুলিপি: সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ।

০১। জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো, বিজ্ঞপ্তিটির বিষয়ে স্থানীয় পত্রিকায় প্রেস রিলিজ প্রেরণসহ তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং, ঢোল সহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হল)।

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।

০৪। জেলা তথ্য অফিসার, বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

০৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, বরিশাল (বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ/গলাচিপা/নেছারাবাদ/আমতলী/ঝালকাঠি সদর/রাজাপুর
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

০৭। সহকারী কমিশনার (ভূমি),বাকেরগঞ্জ/গলাচিপা/নেছারাবাদ/আমতলী/ঝালকাঠি সদর/রাজাপুর
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

০৮। চেয়ারম্যান.........................ইউপি...................উপজেলা...............জেলা
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

০৯। জনাব ....(প্রাক্তন ইজারাদার)।

১০। অফিস কপি।

২৮/৪/২২
(নুসরাত জাহান খান)
উপপরিচালক (অ.দা.)
ফোন : ০৪৩১-৬২৮৯৪
e-mail: dlgdiv.barisal@gmail.com